



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd

প্রেস রিলিজ

বঙ্গবন্ধু দেশে না ফিরলে আমাদের স্বাধীনতা পূর্ণতা পেত না

- বিবি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১১ জানুয়ারি ২০২১

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে বাঙালি বিজয়ের পূর্ণতা লাভ করেছিলো। ১৬ ডিসেম্বর বাঙালি জাতি বিজয় অর্জন করলেও বিজয়ের স্বাদ অবলোকন করার জন্য আমাদেরকে ১৯৭২ সালের ১০ জানুয়ারী পর্যন্ত অপেক্ষা করতে হয়েছিল। সেদিন বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সর্বাধিনায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পশ্চিম পাকিস্তানের কারান্তরীণ শেষে নিজ ভূমিতে ফিরেছিলেন। ১০ জানুয়ারি বঙ্গবন্ধু দেশে না ফিরলে আমাদের স্বাধীনতা পূর্ণতা পেত না। জাতির পিতা যে অসাম্প্রদায়িক, ক্ষুধা-দারিদ্রমুক্ত ও উন্নত সমৃদ্ধ সোনার বাংলাদেশ বিনির্মাণের স্বপ্ন দেখেছিলেন সব ষড়যন্ত্র প্রতিহত করে মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধ থেকে জাতির পিতার সেই স্বপ্ন বাস্তবায়নে সবাইকে কার্যকরী ভূমিকা রাখতে হবে। বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন ও এর আইনি তাৎপর্য” শীর্ষক ওয়েবিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এ কথাগুলো বলেন। গতকাল ১০ জানুয়ারি ২০২১ তারিখ সন্ধ্যা ৭:৩০ টায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে এ ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থীদের সংগঠন এমিকাস গিল্ড এর আয়োজনে ওয়েবিনারে প্রধান আলোচক ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহযোগী অধ্যাপক ড. এস. এম. মাসুম বিল্লাহ ও বিশেষ আলোচক ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহকারী অধ্যাপক সুলতানা জাহান। ওয়েবিনারে প্রবন্ধ উপস্থাপন করেন বিবির আইন বিভাগের শিক্ষার্থী (এলএলবি) মোঃ মমিন ইউ আহমেদ, আইন বিভাগের শিক্ষার্থী (এলএলবি) মোসাঃ তাশরিফা আক্তার ও আইন বিভাগের শিক্ষার্থী (এলএলবি) মাসুম বিল্লাহ। আইন বিভাগের শিক্ষার্থী (এলএলএম) আব্দুল্লাহ-আল-মামুন এর সভাপতিত্বে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইন বিভাগের শিক্ষার্থী (এলএলবি) আসাদুজ্জামান ইদ্রিস।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়